

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৫৩০

১০/ সূর্য গ্রহণের সালাত (کتاب الکسوف)

পরিচ্ছেদঃ ১০/৫. সূর্য গ্রহণের সালাতের জন্য আহ্বান হচ্ছেঃ আস্ সালাতু জামি'আহ।

ذكر النداء بصلاة الكسوف، الصلاة جامعة

আরবী

حديث الْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ، قَالَ: كَسَفَتِ الشَّمْسِ عَلَى عَهْدِ رَسُولِ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمَ مَاتَ إِبْرَاهِيمَ، فَقَالَ النَّاسُ: كَسَفَتِ الشَّمْسُ لِمَوْتِ إِبْرَاهِيمَ، فَقَالَ رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّ الشَّمْسَ وَالْقَمَرَ لاَ يَنْكَسِفَانِ لِمَوْتِ أَحَدٍ وَلاَ لِحَيَاتِهِ، فَإِذَا رَأَيْتُمْ فَصَلُّوا وَادْعُوا اللهَ

বাংলা

৫৩০. মুগীরাহ ইবনু শু'বা (রাযি.) হতে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সময় যে দিন (তাঁর পুত্র) ইবরাহীম (রাযি.) ইন্তিকাল করেন, সেদিন সূর্যগ্রহণ হয়েছিল। লোকেরা তখন বলতে লাগল, ইব্রাহীম (রাযি.) এর মৃত্যুর কারণেই সূর্যগ্রহণ হয়েছে। তখন আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ কারো মৃত্যু অথবা জন্মের কারণে সূর্য বা চন্দ্রগ্রহণ হয় না। তোমরা যখন তা দেখবে, তখন সালাত আদায় করবে এবং আল্লাহর নিকট দু'আ করবে।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ১৬ : সূর্য গ্রহণ, অধ্যায় ১, হাঃ ১০৪৩; মুসলিম, পর্ব ১০: সূর্য গ্রহণের সালাত, অধ্যায় ৫, হাঃ ৯১৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ মুগীরা ইবন শু'বা (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন